



সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।



স্মারক নং-২৭.১২.৮৮৯৪.৫০৯.০১.০৩৮.২৩.১৭৩৪

তারিখঃ ১৬ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
২৯ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় নিম্নের বর্ণনা অনুযায়ী কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম মুদ্রণের লক্ষ্যে বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১।

১	ক্রয়কারীর নাম	:	সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।
২	ক্রয়কারীর জেলা	:	সিরাজগঞ্জ
৩	যে দরপত্রের জন্য বিজ্ঞপ্তি	:	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম মুদ্রণের দরপত্র বিজ্ঞপ্তি।
৪	বিজ্ঞপ্তির সূত্র নং	:	স্মারক নং-২৭.১২.৮৮৯৪.৫০৯.০১.০৩৮.২৩.১৭৩৪, তারিখ-২৯/০৪/২০২৩ খ্রি।
৫	ক্রয়ের পদ্ধতি	:	উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)।
৬	বাজেট ও অর্থায়ন উৎস	:	পবিসের নিজস্ব তহবিল।
৭	দরপত্র প্রকাশের তারিখ	:	৩০/০৪/২০২৩ খ্রি।
৮	দরপত্র দলিল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	:	১৪/০৫/২০২৩ খ্রি. পর্যন্ত অফিস চলাকালীন সময়।
৯	দরপত্র গ্রহণের সর্বশেষ তারিখ ও সময়	:	১৫/০৫/২০২৩ খ্রি. দুপুর ১১:৩০ ঘটিকা পর্যন্ত (BST)।
১০	দরপত্র উন্মুক্তকরণের সর্বশেষ তারিখ ও সময়	:	১৫/০৫/২০২৩ খ্রি. দুপুর ১১:৩৫ ঘটিকা পর্যন্ত (BST)।
১১	দরপত্র দলিল বিক্রয়	:	ক. সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ খ. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
১২	দরপত্র দলিল উন্মুক্তকরণ	:	ক. সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ খ. পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ(উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
১৩	দরদাতার যোগ্যতা ও উপযুক্ততা	:	বাংলাদেশী উৎপাদনকারী/সরবরাহকারী/ঠিকাদারী/পরিবহনকারী প্রতিষ্ঠান।
১৪	মালামালের বর্ণনা	:	

দরপত্র প্যাকেজ নং (১)	সাব-প্যাকেজ নং (২)	দরপত্র দলিলের মূল্য (৩)	ক্রয়তবা মালামালের বিবরণ (৪)	দরপত্র জামানতের পরিমাণ (টাকা)(৫)	সরবরাহের সময়সীমা (৬)
G-23.24.09.115	G-23.24.09.115-001	২৫০০.০০	কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম মুদ্রণ	১,৬০,০০০.০০	সরবরাহের তফসীল অনুযায়ী

১৫	সরবরাহের সময়সীমা	:	দরপত্র দলিলের শর্তানুযায়ী।
১৬	বিশেষ জ্ঞাতব্য	:	দরপত্র আহবানকারী/ক্রয়কারী সকল বা যে কোন দরপত্র প্রক্রিয়া বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

- ০২। আগ্রহী দরদাতাগণ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে দরপত্র দলিল ক্রয়ের জন্য উপরে বর্ণিত ছকের ক্রঃ নং- ১৪ তে বর্ণিত (দরপত্র দলিলের মূল্য) টাকার অফেরতযোগ্য MICR যুক্ত পে-অর্ডার সংযুক্ত করতঃ সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি -১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (i) পরিচালক, পবিস ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত,ঢাকা- ১২২৯ ও (ii) সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ হতে ক্রঃ নং-০৮ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার/ই-মেইল যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৩। দরপত্র, ০৯ নং ক্রমিক এ বর্ণিত সময়ের মধ্যে ব্যক্তিগতভাবে/বাহক মারফত (i) পরিচালক, পবিস ব্যঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (ii) সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ এই ঠিকানায় পৌঁছাতে হবে। বিলম্বে দরপত্র গ্রহণ করা হবে না। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। দরপত্রে উপরে বর্ণিত ছকের ক্রঃ নং-১৪ তে বর্ণিত (দরপত্র জামানতের পরিমাণ) নির্দিষ্ট পরিমাণ দরপত্র জামানত পে-অর্ডার এর মাধ্যমে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত সকল দরপত্র ক্রঃ নং-১০ এর বর্ণিত সময়সূচী এবং ক্রমিক নং ১২ এর বর্ণিত স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেই উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর সনদ ও ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৫। মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরাসরি বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- ০৬। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৭। ক্রঃ নং-১৪ এ বর্ণিত মালামালের নমুনা অত্র পবিসের সদর দপ্তরের প্রশাসন বিভাগে সংরক্ষিত আছে। দরপত্র দাখিলের পূর্বে অবশ্যই মালামালের নমুনা স্ব-শরীরে দেখে দরপত্র দাখিল করতে হবে। অনাথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৮। সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি -১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৯। উল্লেখিত শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ই-মেইলঃ sirajpbs@yahoo.com

বিস্তারিত তথ্যের জন্য ভিজিট করুন: <http://pbs1.sirajganj.gov.bd>

মোবাইলঃ 01769-400074

সিনিয়র জেনারেল ম্যানেজার
সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।